



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
রংপুর বিভাগ, রংপুর।  
সাধারণ শাখা



www.rangpurdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০..০০৫.১২.০০২.১৭.৬২১

তারিখ: ১৪ পৌষ ১৪২৯

২৯ ডিসেম্বর ২০২২

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়নে পরিবীক্ষণ কমিটির ২য় সভার অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্র: গত ১৮ ডিসেম্বর ২০২২ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে।

গত ১৮ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে পরিবীক্ষণ কমিটির ২য় সভার সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

ক্র.নং	সিদ্ধান্ত	অগ্রগতির প্রতিবেদন
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ কার্যালয়ে গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে ৪১২ নং স্মারকে পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। পরিবীক্ষণ কমিটিতে কোন সংশোধন না থাকায় পুনরায় কমিটি গঠন করার প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি রংপুর বিভাগের সকল জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন, সভা আহ্বান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে ৪১২ নং স্মারকে পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে।
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আগামী ১৯ ডিসেম্বর/২০২২ তারিখে সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ০৪টি সভার মধ্যে একটি সভা ১৯ ডিসেম্বর/২০২২ তারিখে করা হয়।
৩.	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ রংপুরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার নাম, সেবা প্রদানে সর্বোচ্চ সময় ও প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রিপরিষদ বিভাগের হুক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য হালনাগাদ করতে হবে।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ রংপুরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার নাম, সেবা প্রদানে সর্বোচ্চ সময় ও প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রিপরিষদ বিভাগের হুক অনুযায়ী ২য় ত্রৈমাসিক সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার ২৯ সেপ্টেম্বর/২০২২ তারিখে করা হয়েছে। ২য় কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার জানুয়ারি/২০২৩ মাসের মধ্যে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার ২৯ সেপ্টেম্বর/২০২২ তারিখে আয়োজন করা হয়েছে। ২য় কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার জানুয়ারি/২০২৩ মাসের মধ্যে আয়োজন করা হবে।

০৫	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে জানুয়ারি/২০২৩ মাসে ০১ টি সভা আয়োজন করা হবে।
----	--	--



২৯-১২-২০২২

মোঃ সাবিরুল ইসলাম

বিভাগীয় কমিশনার

ফোন: ০২৫৮৮৮১২০০১

ফ্যাক্স: ০২৫৮৮৮১২০১৪

ইমেইল:

[divcomrangpur@mopa.gov.bd](mailto:divcomrangpur@mopa.gov.bd)

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা।